

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৫৪৮(আগরতলা-১৫।০৩)

কাঞ্চনপুর, ১৫ মার্চ, ২০১৯

নির্বাচন শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে  
কাঞ্চনপুরে সৰ্বদলীয় সভা

আসন্ন লোকসভার নির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে কাঞ্চনপুরে এক সৰ্বদলীয় সভা অনুষ্ঠিত হয়। কাঞ্চনপুর মহকুমা প্রশাসনের উদ্যোগে মহকুমা শাসকের কার্যালয়ে অনুষ্ঠিত এই সভায় বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। সভায় মহকুমা শাসক অভেদানন্দ বৈদ্য নির্বাচনী আচরণবিধি সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। মহকুমা পুলিশ আধিকারিক সহ আরক্ষা দপ্তরের অন্যান্য আধিকারিকগণও সভায় উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*